


পাথর ডাঙতে ডাঙতে

প্রাবন্ধিক-অধ্যাপক

ডেজ্যাতিপ্রসাদ রায়

সম্মাননা



PATHAR VANGTE VANGTE

Isbn: 978-93-92118-29-6

Price 350/-

গ্রন্থস্বত্ব: সহেলি রায়

প্রকাশক: ঋতবাক

+91 98367 09009

rritobak@gmail.com

প্রথম প্রকাশ: অক্টোবর ২০২১

পরিবেশক

ভারত: কলকাতা—কলেজ স্ট্রিট: দে'জ পাবলিশিং, দে বুক স্টোর (দীপুদা)

স্টারমার্ক: সাউথ সিটি, কোয়েস্ট মল, মানি স্কোয়ার, সিটি সেন্টার

বাংলাদেশ: বাতিঘর—ঢাকা, চট্টগ্রাম ও শ্রীহট্ট,

তক্ষশীলা

প্রচ্ছদ বিন্যাস: ইরবান

টাইপ সেটিং: আক্ষরিক

মানকুণ্ড, হুগলি ৭১২১৩৯

মুদ্রক: আনন্দ প্রিন্টার্স

৩/১সি, মোহনবাগান লেন, কলকাতা ৭০০০০৪

মূল্য: ৩৫০.০০

সর্বস্বত্ব সংরক্ষিত

প্রকাশক এবং স্বত্বাধিকারীর লিখিত অনুমতি ছাড়া এই বইয়ের কোনও অংশেরই কোনও রূপ পুনরুৎপাদন বা প্রতিলিপি করা যাবে না, কোনও যান্ত্রিক উপায়ের মাধ্যমে প্রতিলিপি করা যাবে না বা কোনও ডিস্কটেক্সট, পারফোরেটেড মিডিয়া বা কোনও তথ্য সংরক্ষণের যান্ত্রিক পদ্ধতিতে পুনরুৎপাদন করা যাবে না। এই শর্ত লঙ্ঘিত হলে উপযুক্ত আইনি ব্যবস্থা গ্রহণ করা যাবে।

আমার শিক্ষক জ্যোতিপ্রসাদ রায়

জয়ন্ত কুমার রায়

‘গুরু ব্রহ্মা গুরু বিষ্ণু গুরুদেব মহেশ্বর।
গুরুদেব পরমব্রহ্ম তস্মৈশ্রী গুরুবে নমঃ॥’

আজ একুশ শতকে দাঁড়িয়েও এই নীতিমালা সমানভাবে সত্য ও তাৎপর্যময়। সেই আদি কাল থেকে চলে আসছে গুরু-শিষ্যের পরম্পরা। সময়ের পরিবর্তনের সঙ্গে বদলে গেছে জীবন; জীবন আজ বিশ্বায়নের জাঁতাকলে ব্যস্ত, পণ্য-প্রগতির নিত্য-নতুন সাফল্য সন্ধানী। তবুও গুরু-শিষ্যের পারম্পরিক সম্পর্ক, একই রকমভাবে প্রকৃতির মতো নিজস্ব আঙ্গিকে বহমান। হয়তো পুরাকালের মতো গুরুগৃহে (আশ্রম) বাস করে শিক্ষার্থীর জীবন-চরিত্র গঠন, শিক্ষা-নীতি-উপদেশ গ্রহণের সুযোগ-সুবিধা, পরিবেশ-পরিস্থিতি নেই, তবু গুরুর ভূমিকা, কোনও শিক্ষার্থীই অস্বীকার করতে পারে না। প্রচলিত ভাবে, আমাদের শিক্ষা গ্রহণের প্রধান মাধ্যম হল— পরিবার, সমাজ এবং শিক্ষাকেন্দ্র। জীবন ও জগতকে জানা, বোঝার জন্য শিক্ষার যেমন কোনও বিকল্প নেই, তেমনি একজন শিক্ষার্থীর কাছে গুরু তথা শিক্ষকের ভূমিকাও অপরিহার্য হয়ে ওঠে। প্রতিটি শিক্ষার্থীর জীবনে শিক্ষকের আদর্শ, জীবনপ্রণালী, জীবনদর্শন দাগ কাটে। তাঁদের কর্মপদ্ধতি, জীবনভাবনা, দৃষ্টিভঙ্গি— আমাদের চালিত করে আলোর পথে, জীবনে আঁকা-বাঁকা পথে নতুন দিশা দেখায়। যেমন আমার জীবনের প্রতিটি মুহূর্তে উদ্ভাসিত হয়ে ওঠেন কোচবিহার পঞ্চগনন বর্মা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক জ্যোতিপ্রসাদ রায় মহাশয়।

বিশ শতকের বাংলা সাহিত্য ও সমালোচনার ইতিহাসের এক ভিন্ন ধারার বিশেষজ্ঞ-তাত্ত্বিক হলেন জ্যোতিপ্রসাদ রায়। অল্পের যেমন সময়ের সঙ্গে সঙ্গে বৃহৎ বৃক্ষে পরিণত হয়, তেমনি তিনি তাঁর মেধা, শ্রম, প্রচেষ্টা, সমাজমস্কতা,